



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১১ জানুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে ইউপিডিএফ সদস্য পরেশ ত্রিপুরাকে হত্যার প্রতিবাদে বাজার বয়কট ও সড়ক অবরোধ ঘোষণা

খাগড়াছড়ির পানছড়িতে গতকাল (শুক্রবার) রাতে ইউপিডিএফ সদস্য পরেশ ত্রিপুরাকে হত্যার প্রতিবাদে আগামীকাল রবিবার পানছড়ি বাজার বয়কট ও সোমবার অর্ধদিবস সড়ক অবরোধের ডাক দেয়া হয়েছে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) পানছড়ি থানা ইউনিটের সংগঠক রূপায়ন চাকমা আজ শনিবার ১১ জানুয়ারি ২০২০ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে উক্ত কর্মসূচির ঘোষণা দেন।

বিবৃতিতে বলা হয়, ইউপিডিএফ সদস্য পরেশ ত্রিপুরাকে পরিকল্পিতভাবে হত্যার প্রতিবাদে আগামীকাল ১২ জানুয়ারি রবিবার পানছড়ি বাজার বয়কট ও পরদিন অর্থাৎ ১৩ জানুয়ারি সোমবার সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত আধা বেলা শান্তিপূর্ণ সড়ক অবরোধ পালন করা হবে। তবে এম্বুলেন্স, জরুরী বিদ্যুৎ, ফায়ার সার্ভিস এবং ধর্মীয় পুরোহিত ও সংবাদকর্মীদের ব্যবহৃত গাড়ি অবরোধের আওতামুক্ত থাকবে।

উক্ত কর্মসূচি সফল করতে তিনি সকলের প্রতি আশ্বান জানিয়েছেন।

উল্লেখ্য, গতকাল (শুক্রবার) রাত সোয়া আটটার দিকে সিভিল পোশাক পরিহিত নিরাপত্তা বাহিনীর সদস্যরা মহেন্দ্র-যোগে ও তাদের মদদপুষ্ট সন্ত্রাসীরা মোটর সাইকেল যোগে মরাটিলায় গিয়ে গুলি করে পরেশ ত্রিপুরাকে হত্যা করে। গত ৮ বছর ধরে ইউপিডিএফের রাজনীতির সাথে যুক্ত পরেশ ত্রিপুরা মরাটিলা গ্রামের বাসিন্দা।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।